

মাসিক এমআইএস প্রতিবেদন

জুন ২০১৯
৩৫৪ তম সংখ্যা



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ

BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LTD.

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

BAPEX Bhaban, 4 Kawran Bazar C/A, Dhaka-1215.

e-mail : gmplanning@bapex.com.bd web : www.bapex.com.bd

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
-	সূচীপত্র	০১
১	কোম্পানীর পরিচিতি	০২
২	GDF অর্থায়নে বাপেক্স পরিচালিত (অনুমোদিত) প্রকল্পসমূহের অগ্রগতির প্রতিবেদন :	০৩-০৮
	২.১ 3D Seismic Project of BAPEX	০৩
	২.২ Rupkalpa-1 Drilling Project.	০৪
	২.৩ Rupkalpa-2 Drilling Project.	০৫
	২.৪ Rupkalpa-3 Drilling Project.	০৬
	২.৫ Rupkalpa-9: 2D Seismic Project.	০৭
	২.৬ Rupkalpa-5 Drilling Project.	০৮
৩	এনভায়রনমেন্ট এন্ড সেইফটি বিষয়ক প্রতিবেদন	০৯-১০
৪	বিভিন্ন বিভাগের বাস্তব অগ্রগতির বিবরণ	১১-২২
	৪.১ ভূতাত্ত্বিক বিভাগ	১১-১৩
	৪.২ ভূপদার্থিক বিভাগ	১৪
	৪.৩ খনন পরিচালনা বিভাগ	১৫
	৪.৪ টেকনিক্যাল সার্ভিসেস বিভাগ	১৬
	৪.৫ পরীক্ষাগার বিভাগ	১৭
	৪.৬ উৎপাদন বিভাগ	১৮-১৯
	৪.৭ প্রকৌশল বিভাগ	২০-২১
	৪.৮ ডাটা ম্যানেজমেন্ট বিভাগ	২২
৫	বিবিধ তথ্য	২৩-২৯
	৫.১ লোকবল	২৩
	৫.২ প্রশিক্ষণ	২৪
	৫.৩ কোম্পানীর e-Governance সংক্রান্ত তথ্য	২৫-২৬
	৫.৪ রাষ্ট্রীয় কোষাগারে অর্থ প্রদানের বিবরণী	২৭
	৫.৫ নগদ তহবিল বিবরণী	২৭
	৫.৬ বোর্ড, গণসংযোগ ও আইন এবং চুক্তি সংক্রান্ত কার্যাবলী	২৮
	৫.৭ আত্মীকরণ, পদোন্নতি, অবসর গ্রহণ, শোক সংবাদ, পদত্যাগ, নিয়োগ, বদলি, বরখাস্ত, লিয়োন ও প্রেষণ	২৯
৬	সমাপ্ত প্রকল্প ও ওয়ার্কওভার কার্যক্রম সমূহের বিবরণ	৩০-৩৭
	৬.১ সমাপ্ত প্রকল্প সমূহের বিবরণ	৩০-৩৪
	৬.২ সম্পাদিত ওয়ার্কওভার কার্যক্রম সমূহের বিবরণ	৩৫-৩৬
	৬.৩ বাপেক্স ও এর পূর্বসূরী কর্তৃক অনুসন্ধান ও উৎপাদন কূপ খনন কার্যক্রমের বিবরণী	৩৭-৩৮

ক্রমিক নং	বিষয়বস্তু	বর্ণনা
০১	কোম্পানীর নাম	ঃ বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
০২	কোম্পানীর উদ্দেশ্য ও কার্যপরিধি	ঃ * তেল ও গ্যাস অনুসন্ধান, উন্নয়ন ও উৎপাদনের জন্য ভূতাত্ত্বিক ও ভূকম্পন জরীপ এবং খনন কার্যক্রম পরিচালনা করা। * দেশের অভ্যন্তরে বা দেশের বাহিরে এককভাবে বা যৌথ উদ্যোগে অথবা অন্য কোন চুক্তির ভিত্তিতে উৎপাদন, প্রক্রিয়াকরণ, সংগলন, বিতরণ এবং বিপণন অথবা এতদসম্পর্কিত অন্যান্য পণ্যের উৎপাদন ও বিপণন সংক্রান্ত বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করা। * ভূপদার্থিক ও ভূতাত্ত্বিক উপাত্ত মূল্যায়ন, বেসিন পর্যালোচনা, অনুসন্ধান ও উন্নয়নের লক্ষ্যে খনন, ভূতাত্ত্বিক ও ভূ-রসায়নিক বিশ্লেষণ ইত্যাদির ক্ষেত্রে সেবা প্রদান করা।
০৩	তত্ত্বাবধায়ক সংস্থা	ঃ বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)।
০৪	প্রশাসনিক মন্ত্রণালয়	ঃ বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।
০৫	পাবলিক লিমিটেড কোম্পানী (অনুসন্ধান) হিসাবে নিবন্ধিত	ঃ ০৩ এপ্রিল, ১৯৮৯।
০৬	তেল ও গ্যাস অনুসন্ধান কোম্পানী হিসাবে কোম্পানীর কার্যক্রম শুরুর তারিখ	ঃ ০১ জুলাই, ১৯৮৯।
০৭	তেল ও গ্যাস অনুসন্ধান ছাড়াও উৎপাদন কোম্পানী হিসাবে সরকার কর্তৃক অনুমোদন প্রদানের তারিখ	ঃ ২৯ ফেব্রুয়ারী, ২০০০।
০৮	কোম্পানীর প্রধান কার্যালয়	ঃ বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫।
০৯	পাবলিক লিমিটেড কোম্পানী (অনুসন্ধান ও উৎপাদন) হিসাবে নিবন্ধিত	ঃ ২৩ এপ্রিল, ২০০২।
১০	কোম্পানীর কূপ খনন ও গ্যাস আবিষ্কারের সফলতার হার	ঃ ২ : ১
১১	কোম্পানীর পরিচালকমণ্ডলীর ১ম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার তারিখ	ঃ ২৯ জুলাই, ১৯৯২।
১২	কোম্পানীর পরিচালকমণ্ডলীর সদস্য সংখ্যা	ঃ ০৭ (সাত) জন।
১৩	গ্যাস সরবরাহকৃত কোম্পানীর নাম	ঃ টিজিটিএন্ডডিসিএল, বিজিডিসিএল, কেজিডিসিএল, জিটিসিএল, এসজিসিএল
১৪	কনভেনসেন্ট সরবরাহকৃত কোম্পানীর নাম	ঃ বিজিএফসিএল, সুপার রিফাইনারি (প্রাঃ) লিঃ
১৫	কোম্পানীর মোট অনুমোদিত মূলধনের পরিমাণ	ঃ ৩০০ (তিনশত) কোটি টাকা।
১৬	কোম্পানীর পরিশোধিত মূলধনের পরিমাণ	ঃ ৫ (পাঁচ) লক্ষ টাকা যা ৫ (পাঁচ) হাজার শেয়ারে বিভক্ত।

২.১

3D SEISMIC PROJECT OF BAPEX

১। প্রকল্পের নাম	ঃ	৩-ডি সাইসমিক প্রজেক্ট অব বাপেক্স																						
২। প্রকল্প অনুমোদন পর্যায়	ঃ	প্রকল্পটি ১০-০২-২০১৩ তারিখে প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।																						
৩। প্রকল্পের অবস্থান	ঃ	বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫।																						
৪। বাস্তবায়ন কাল	ঃ	ডিসেম্বর, ২০১২ হতে নভেম্বর, ২০১৭ (মূল)। ডিসেম্বর, ২০১২ হতে নভেম্বর, ২০১৯ (সংশোধিত)																						
৫। প্রকল্প ব্যয়	ঃ	<table border="1"> <thead> <tr> <th colspan="2">মূল</th> <th colspan="2">সংশোধিত</th> </tr> </thead> <tbody> <tr> <td>স্থানীয় মুদ্রা</td> <td>ঃ</td> <td>৯,১১০.০০ লক্ষ টাকা</td> <td>স্থানীয় মুদ্রা</td> <td>ঃ</td> <td>১৩,৪২৪.০০ লক্ষ টাকা</td> </tr> <tr> <td>নগদ বৈঃ মুদ্রা</td> <td>ঃ</td> <td>৯,১৪০.০০ লক্ষ টাকা</td> <td>নগদ বৈঃ মুদ্রা</td> <td>ঃ</td> <td>১১,৩৪৬.০০ লক্ষ টাকা</td> </tr> <tr> <td>মোট</td> <td>ঃ</td> <td>১৮,২৫০.০০ লক্ষ টাকা</td> <td>মোট</td> <td>ঃ</td> <td>২৪,৭৭০.০০ লক্ষ টাকা</td> </tr> </tbody> </table>	মূল		সংশোধিত		স্থানীয় মুদ্রা	ঃ	৯,১১০.০০ লক্ষ টাকা	স্থানীয় মুদ্রা	ঃ	১৩,৪২৪.০০ লক্ষ টাকা	নগদ বৈঃ মুদ্রা	ঃ	৯,১৪০.০০ লক্ষ টাকা	নগদ বৈঃ মুদ্রা	ঃ	১১,৩৪৬.০০ লক্ষ টাকা	মোট	ঃ	১৮,২৫০.০০ লক্ষ টাকা	মোট	ঃ	২৪,৭৭০.০০ লক্ষ টাকা
মূল		সংশোধিত																						
স্থানীয় মুদ্রা	ঃ	৯,১১০.০০ লক্ষ টাকা	স্থানীয় মুদ্রা	ঃ	১৩,৪২৪.০০ লক্ষ টাকা																			
নগদ বৈঃ মুদ্রা	ঃ	৯,১৪০.০০ লক্ষ টাকা	নগদ বৈঃ মুদ্রা	ঃ	১১,৩৪৬.০০ লক্ষ টাকা																			
মোট	ঃ	১৮,২৫০.০০ লক্ষ টাকা	মোট	ঃ	২৪,৭৭০.০০ লক্ষ টাকা																			

- ৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য
- Identify the thickening, thinning & discontinuity of gas sands and new sands.
 - Improve the definition of structure size and location of maximum hydrocarbon reserve.
 - Precisely identify the new drilling locations by better delineation of structural, stratigraphic, combination features & to reduce the risk of drilling development/appraisal well significantly; and
 - Help better planning on future gas demand supply through better knowledge about the gas reservoir.

- ৭। প্রক্রিয়াধীন অগ্রগতি
১. জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পত্র নং-২৮.০০.০০০০.৩৬.০১৪.০৬৮.১২ (অংশ-১)-৯৮, তারিখঃ ২৯/০৫/২০১৯ মোতাবেক প্রকল্পের আন্তঃখাত সমন্বিত ডিপিপি অনুমোদিত হয়।
 ২. প্রকল্পের ৩য় কিস্তিতে মঞ্জুরীকৃত ৩৫০.০০ লক্ষ টাকা গত ১৩ জুন, ২০১৯ তারিখে এবং ৪র্থ কিস্তিতে মঞ্জুরীকৃত ৬৬০.০০ লক্ষ টাকা গত ২৭ জুন, ২০১৯ তারিখে প্রকল্পের ব্যাংক হিসাবে জমা হয়েছে।
 ৩. প্রকল্পের কাজে ব্যবহারের জন্য বিস্ফোরক দ্রব্যাদির ৩য় চালান বাপেক্স এর চট্টগ্রামস্থ পোমরা ম্যাগাজিন এলাকা হতে খাগড়াছড়িতে স্থাপিত প্রকল্পের অস্থায়ী পিট ম্যাগাজিনে স্থানান্তর করা হয়েছে।
 ৪. প্রকল্পের আওতায় সেমুতাং গ্যাসক্ষেত্রে রেকর্ডিং এর কাজ শুরু হয়েছে।
 ৫. ২০১৮-২০১৯ মার্চ মৌসুমে উপাত্ত সংগ্রহ কাজের বিবরণ(সেমুতাং গ্যাসক্ষেত্র ২৫০ বর্গ কি.মি.):

Section	Monthly Total (Sq. km)	Cumulative (Sq. km)	Target (Sq. km)
Surveying	128	150	250
Drilling	52	70	250
Recording	50	50	250

৬. প্রকল্পের মোট উপাত্ত সংগ্রহ (ভৌত অগ্রগতি)ঃ সুনত্র ভূগঠনে ২৬০ বর্গ কি.মি + শাহবাজপুর গ্যাসক্ষেত্র ৬০০ বর্গ কি.মি + শ্রীকাইল গ্যাসক্ষেত্র ১৫০ বর্গ কি.মি + বেগমগঞ্জ-সুন্দলপুর গ্যাসক্ষেত্র ৪৪০ বর্গ কি.মি+ নরসিংদী গ্যাসক্ষেত্র ২০০ বর্গ কি.মি+মোবারকপুর ভূগঠন ৩০০ বর্গ কি.মি.+ফেঞ্চুগঞ্জ গ্যাসক্ষেত্র ৩০০ বর্গ কি.মি.+রূপগঞ্জ গ্যাসক্ষেত্র ২০০ বর্গ কি.মি. +সেমুতাং গ্যাসক্ষেত্র ৫০ বর্গ কি.মি. = ২৫০০ বর্গ কি.মি.। উক্ত সংগৃহীত উপাত্তের ২৫০০ বর্গ কি.মি. এলাকার উপাত্ত প্রক্রিয়াকরণ এবং ১৯৫০ বর্গ কি. মি. এলাকার উপাত্ত বিশ্লেষণ কাজ সম্পন্ন হয়েছে।

৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (জুন, ২০১৯ পর্যন্ত)	ঃ	স্থানীয় মুদ্রা	ঃ	১২৮০২.৩৮ লক্ষ টাকা
		নগদ বৈদেশিক মুদ্রা	ঃ	৮,৯৮৭.৫৪ লক্ষ টাকা
		মোট	ঃ	২১,৭৮৯.৯২ লক্ষ টাকা

৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার	ঃ	বাস্তব	আর্থিক
		৮৩.৮৯ %	৮৩.৮৯ %

১। প্রকল্পের নাম	ঃ	Rupkalpa-1 Drilling Project.																
২। প্রকল্প অনুমোদন পর্যায়	ঃ	প্রকল্পটি ২২-০৯-২০১৬ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত																
৩। প্রকল্পের অবস্থান	ঃ	হারারগঞ্জ-১, উপজেলা- বড়লেখা, জেলা- মৌলভীবাজার, বিভাগ- সিলেট সালদা নর্থ-১, উপজেলা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া, বিভাগ- চট্টগ্রাম শ্রীকাইল ইস্ট-১, উপজেলা- মুরাদনগর, জেলা- কুমিল্লা, বিভাগ- চট্টগ্রাম শ্রীকাইল নর্থ-২ উপজেলা- মুরাদনগর, জেলা- কুমিল্লা, বিভাগ- চট্টগ্রাম কসবা-২, উপজেলা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া, বিভাগ- চট্টগ্রাম																
৪। বাস্তবায়ন কাল	ঃ	০১ জুলাই, ২০১৬ হতে ৩০ জুন, ২০২০ (২য় সংশোধিত, প্রস্তাবিত)																
৫। প্রকল্প ব্যয়	ঃ	<table border="0"> <tr> <td></td> <td><u>মূল</u></td> <td></td> <td><u>সংশোধিত</u></td> </tr> <tr> <td>স্থানীয় মুদ্রা</td> <td>ঃ ১৪,৬৫৮.০০ লক্ষ টাকা</td> <td>স্থানীয় মুদ্রা</td> <td>ঃ ১৫,১৫৮.০০ লক্ষ টাকা</td> </tr> <tr> <td>নগদ বৈঃ মুদ্রা</td> <td>ঃ ৩৩,১২৫.০০ লক্ষ টাকা</td> <td>নগদ বৈঃ মুদ্রা</td> <td>ঃ ২৭,৯২০.০০ লক্ষ টাকা</td> </tr> <tr> <td>মোট</td> <td>ঃ ৪৭,৭৮৩.০০ লক্ষ টাকা</td> <td>মোট</td> <td>ঃ ৪৩,০৭৮.০০ লক্ষ টাকা</td> </tr> </table>		<u>মূল</u>		<u>সংশোধিত</u>	স্থানীয় মুদ্রা	ঃ ১৪,৬৫৮.০০ লক্ষ টাকা	স্থানীয় মুদ্রা	ঃ ১৫,১৫৮.০০ লক্ষ টাকা	নগদ বৈঃ মুদ্রা	ঃ ৩৩,১২৫.০০ লক্ষ টাকা	নগদ বৈঃ মুদ্রা	ঃ ২৭,৯২০.০০ লক্ষ টাকা	মোট	ঃ ৪৭,৭৮৩.০০ লক্ষ টাকা	মোট	ঃ ৪৩,০৭৮.০০ লক্ষ টাকা
	<u>মূল</u>		<u>সংশোধিত</u>															
স্থানীয় মুদ্রা	ঃ ১৪,৬৫৮.০০ লক্ষ টাকা	স্থানীয় মুদ্রা	ঃ ১৫,১৫৮.০০ লক্ষ টাকা															
নগদ বৈঃ মুদ্রা	ঃ ৩৩,১২৫.০০ লক্ষ টাকা	নগদ বৈঃ মুদ্রা	ঃ ২৭,৯২০.০০ লক্ষ টাকা															
মোট	ঃ ৪৭,৭৮৩.০০ লক্ষ টাকা	মোট	ঃ ৪৩,০৭৮.০০ লক্ষ টাকা															
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য	ঃ	<ul style="list-style-type: none"> ➤ To Drill 3 Exploratory wells with a view to discovering oil/gas to increase the country's gas reserve and production. ➤ Subject to discover of oil/gas; additional 451.00 BCF recoverable oil/gas reserve of the country will be increased and additional 30 MMSCFD oil/gas will be production. 																
৭। প্রক্রিয়াধীন অগ্রগতি	ঃ	<p>১. প্রকল্পের অধীন খননতব্য ০২ টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল ইস্ট-১, সালদা নর্থ-১) ও ০২ টি উন্নয়ন কূপ (শ্রীকাইল নর্থ-২, কসবা-২) এর মধ্যে সালদা নর্থ-১ অনুসন্ধান কূপের খনন কার্যক্রম অক্টোবর, ২০১৮ তে সম্পন্ন হয়েছে। সেখানে বাণিজ্যিকভাবে উত্তোলনযোগ্য গ্যাস মজুদ পাওয়া যায়নি। শ্রীকাইল ইস্ট-১ অনুসন্ধান কূপ খননের লক্ষ্যে ভূমি উন্নয়ন ও সংযোগ সড়ক নির্মাণ এবং রিগ ও মেশিনারী ফাউন্ডেশন কাজ শেষে প্রকল্প এলাকায় রিগ (বিজয়-১০) স্থানান্তরের কাজ চলমান আছে। পাশাপাশি প্রকল্প এলাকায় ০২টি গোড়াউন এবং ১টি অস্থায়ী শ্রমিক শেড ও আনসার শেডের কাজ চলছে।</p> <p>২. আরএডিপি ২০১৮-২০১৯ তে ১৫৬৬.০০ লক্ষ টাকা ন.বৈ.মুদ্রাসহ মোট ৩১৩৭.০০ লক্ষ টাকার বরাদ্দ অনুমোদন করা হয়েছে।</p> <p>৩. গত ১০-০৬-২০১৯ তারিখে ন.বৈ.মুদ্রা ১০২৩৭.০০ লক্ষ টাকা সহ প্রাক্কলিত ব্যয় ১৬২০৯.০০ লক্ষ টাকা নির্ধারণ করে প্রকল্পের ২য় আরডিপিপি অনুমোদিত হয়েছে।</p>																
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (জুন, ২০১৯ পর্যন্ত)	ঃ	<table border="0"> <tr> <td>স্থানীয় মুদ্রা</td> <td>ঃ ৩,৭৩৮.৩১ লক্ষ টাকা</td> </tr> <tr> <td>নগদ বৈদেশিক মুদ্রা</td> <td>ঃ ৭,৩৬৭.০০ লক্ষ টাকা</td> </tr> <tr> <td>মোট</td> <td>ঃ ১১,১০৫.৩১ লক্ষ টাকা</td> </tr> </table>	স্থানীয় মুদ্রা	ঃ ৩,৭৩৮.৩১ লক্ষ টাকা	নগদ বৈদেশিক মুদ্রা	ঃ ৭,৩৬৭.০০ লক্ষ টাকা	মোট	ঃ ১১,১০৫.৩১ লক্ষ টাকা										
স্থানীয় মুদ্রা	ঃ ৩,৭৩৮.৩১ লক্ষ টাকা																	
নগদ বৈদেশিক মুদ্রা	ঃ ৭,৩৬৭.০০ লক্ষ টাকা																	
মোট	ঃ ১১,১০৫.৩১ লক্ষ টাকা																	
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার	ঃ	বাস্তব ২৫.৭৮ %	আর্থিক ২৫.৭৮ %															

১। প্রকল্পের নাম	ঃ	Rupkalpa-2 Drilling Project.																						
২। প্রকল্প অনুমোদন পর্যায়	ঃ	প্রকল্পটি ২২-০৯-২০১৬ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।																						
৩। প্রকল্পের অবস্থান	ঃ	সেমুতাং সাউথ-১, উপজেলা- মানিকছড়ি, জেলা- খাগড়াছড়ি, বিভাগ- চট্টগ্রাম। সালদানদী সাউথ-১, উপজেলা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া, বিভাগ- চট্টগ্রাম। সালদানদী ওয়েস্ট-১, উপজেলা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া, বিভাগ- চট্টগ্রাম। বাতচিয়া-১, উপজেলা- কুলাউড়া, জেলা- মৌলভীবাজার, বিভাগ- সিলেট। জকিগঞ্জ-১, সিলেট, জকিগঞ্জ।																						
৪। বাস্তবায়ন কাল	ঃ	০১ জুলাই, ২০১৬ হতে জুন, ২০২০ (প্রস্তাবিত)।																						
৫। প্রকল্প ব্যয়	ঃ	<table border="0"> <tr> <td></td> <td>মূল</td> <td></td> <td>সংশোধিত</td> </tr> <tr> <td>স্থানীয় মুদ্রা</td> <td>ঃ</td> <td>১৩,০০২.০০ লক্ষ টাকা</td> <td>স্থানীয় মুদ্রা</td> <td>ঃ</td> <td>৭,৯৫৯.০০ লক্ষ টাকা</td> </tr> <tr> <td>নগদ বৈঃ মুদ্রা</td> <td>ঃ</td> <td>২৮,৪৫০.০০ লক্ষ টাকা</td> <td>নগদ বৈঃ মুদ্রা</td> <td>ঃ</td> <td>১৪,৫৪০.০০ লক্ষ টাকা</td> </tr> <tr> <td>মোট</td> <td>ঃ</td> <td>৪১,৪৫২.০০ লক্ষ টাকা</td> <td>মোট</td> <td>ঃ</td> <td>২২,৪৯৯.০০ লক্ষ টাকা</td> </tr> </table>		মূল		সংশোধিত	স্থানীয় মুদ্রা	ঃ	১৩,০০২.০০ লক্ষ টাকা	স্থানীয় মুদ্রা	ঃ	৭,৯৫৯.০০ লক্ষ টাকা	নগদ বৈঃ মুদ্রা	ঃ	২৮,৪৫০.০০ লক্ষ টাকা	নগদ বৈঃ মুদ্রা	ঃ	১৪,৫৪০.০০ লক্ষ টাকা	মোট	ঃ	৪১,৪৫২.০০ লক্ষ টাকা	মোট	ঃ	২২,৪৯৯.০০ লক্ষ টাকা
	মূল		সংশোধিত																					
স্থানীয় মুদ্রা	ঃ	১৩,০০২.০০ লক্ষ টাকা	স্থানীয় মুদ্রা	ঃ	৭,৯৫৯.০০ লক্ষ টাকা																			
নগদ বৈঃ মুদ্রা	ঃ	২৮,৪৫০.০০ লক্ষ টাকা	নগদ বৈঃ মুদ্রা	ঃ	১৪,৫৪০.০০ লক্ষ টাকা																			
মোট	ঃ	৪১,৪৫২.০০ লক্ষ টাকা	মোট	ঃ	২২,৪৯৯.০০ লক্ষ টাকা																			
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য	ঃ	<ul style="list-style-type: none"> ➤ To Drill 4 Exploratory wells with a view to discovering oil/gas to increase the country's gas reserve and production. ➤ Subject to discover of oil/gas; additional 4358.00 BCF recoverable oil/gas reserve of the country will be increased and additional 23 MMSCFD oil/gas will be produced from this project. 																						
৭। প্রক্রিয়াধীন অগ্রগতি	ঃ	<p>১. খনন ঠিকাদার 'সকার' সেমুতাং সাউথ-১ কূপ গত ২৬-০৭-২০১৮ তারিখ খনন কাজ শুরু করে। অতঃপর ২০৫.৫৯ মিটার গভীরতায় ২০", ৮৬৪.৯২ মিটার গভীরতায় 13³/₈" এবং ২০০৫.৩৭ মিটার গভীরতায় 9⁵/₈" কেসিং ও সিমেন্টিং করা হয়। পরবর্তীতে 8¹/₂" হোল সেকশন ৩০২০ মিটার গভীরতা পর্যন্ত খনন করা হয়েছে। ০৪-০১-২০১৯ তারিখে খনন সম্পর্কিত যাবতীয় কার্যক্রম সম্পন্ন হয়েছে। কূপ সমাপ্তির সার্টিফিকেট ০৯-০১-২০১৯ তারিখ প্রকল্প হতে প্রদান করা হয়। ইনভয়েস ২৩-০১-২০১৯ তারিখ প্রকল্পে দাখিল করে। প্রকল্প হতে ১৬-০৪-২০১৯ তারিখে ইনভয়েস সার্টিফাইড করা হয়। ১৬-০৫-২০১৯ তারিখ জনতা ব্যাংক লিমিটেড, শান্তিনগর কর্পোরেট শাখা হতে সকার-কে ইনভয়েস মূল্য পরিশোধ করা হয়।</p> <p>২. জকিগঞ্জ-১ অনুসন্ধান কূপ খননের জন্য ৫.০১ একর অধিগ্রহণকৃত ভূমির ফসলের ক্ষতি পূরণ বাবদ অর্থ জেলা প্রশাসক, সিলেট বরাবরে হস্তান্তর করা হয়েছে। ভূমি উন্নয়ন কাজ চলমান আছে। পূর্ত কাজসহ খনন মালামাল সংগ্রহের জন্য ২টি দরপত্র সিসিজিপি'র অনুমোদন পাওয়া গিয়েছে। অবশিষ্ট ৫টি দরপত্র সিসিজিপি'র অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে অপেক্ষমান আছে। উন্মুক্ত দরপত্রের মাধ্যমে প্রকল্পের অবশিষ্ট বৈদেশিক মালামাল ও ৩য় পক্ষীয় সেবা সংগ্রহ কার্যক্রম জুন, ২০২০ এর মধ্যে সম্পন্ন করা হবে।</p>																						
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (জুন, ২০১৯ পর্যন্ত)	ঃ	<table border="0"> <tr> <td>স্থানীয় মুদ্রা</td> <td>ঃ</td> <td>৩,৪৪২.৩৮ লক্ষ টাকা</td> </tr> <tr> <td>নগদ বৈদেশিক মুদ্রা</td> <td>ঃ</td> <td>১০,০০০.৩৫ লক্ষ টাকা</td> </tr> <tr> <td>মোট</td> <td>ঃ</td> <td>১৩,৪৪২.৭৩ লক্ষ টাকা</td> </tr> </table>	স্থানীয় মুদ্রা	ঃ	৩,৪৪২.৩৮ লক্ষ টাকা	নগদ বৈদেশিক মুদ্রা	ঃ	১০,০০০.৩৫ লক্ষ টাকা	মোট	ঃ	১৩,৪৪২.৭৩ লক্ষ টাকা													
স্থানীয় মুদ্রা	ঃ	৩,৪৪২.৩৮ লক্ষ টাকা																						
নগদ বৈদেশিক মুদ্রা	ঃ	১০,০০০.৩৫ লক্ষ টাকা																						
মোট	ঃ	১৩,৪৪২.৭৩ লক্ষ টাকা																						
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার	ঃ	বাস্তব ৫৯.৭৫ %	আর্থিক ৫৯.৭৫ %																					

২.৪

Rupkalpa-3 Drilling Project

১। প্রকল্পের নাম	ঃ	Rupkalpa-3 Drilling Project.
২। প্রকল্প অনুমোদন পর্যায়	ঃ	প্রকল্পটি ২২-০৯-২০১৬ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।
৩। প্রকল্পের অবস্থান	ঃ	কসবা-১, উপজেলা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া, বিভাগ- চট্টগ্রাম। মাদারগঞ্জ-১, উপজেলা- জামালপুর সদর, জেলা- জামালপুর, বিভাগ- ঢাকা। জামালপুর-১, উপজেলা- জামালপুর সদর, জেলা- জামালপুর, বিভাগ- ঢাকা। শৈলকুপা-১, উপজেলা- শৈলকুপা সদর, জেলা- ঝিনাইদহ, বিভাগ- খুলনা।
৪। বাস্তবায়ন কাল	ঃ	০১ জুলাই, ২০১৬ হতে ডিসেম্বর, ২০১৯ (১ম সংশোধিত)।
৫। প্রকল্প ব্যয়	ঃ	স্থানীয় মুদ্রা : ১৩,৬০৮.০০ লক্ষ টাকা নগদ বৈঃ মুদ্রা : ২৪,৬৫৫.০০ লক্ষ টাকা মোট : ৩৮,২৬৩.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য	ঃ	➤ To Drill 4 Exploratory wells with a view to discovering oil/gas to increase the country's gas reserve and production. ➤ Subject to discover of oil/gas; additional 2024 BCF gas reserve of the country will be increased and 24 MMSCFD gas will be produced from this projec
৭। প্রক্রিয়াধীন অগ্রগতি	ঃ	১. কসবা # ১ অনুসন্ধান কূপটি Re-entry এর সুযোগ রেখে গত ১৮ অক্টোবর ২০১৮ তারিখ Testing সহ কূপ খনন সফল ভাবে সম্পন্ন হয়েছে। ২. মাদারগঞ্জ # ১ (ভাড়া কৃত রিগ দ্বারা খনন করা হবে) এর লোকেশন গত ১৭.০৬.২০১৭ তারিখে পাওয়া গেছে। ৩১/০৮/২০১৭ তারিখে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় হতে জমি হুকুম দখলের প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। ১৪/১২/২০১৭ তারিখে মাদারগঞ্জ-১ খনন প্রকল্পের জন্য ভূমি দখল বুঝে পাওয়া যায়। ঠিকাদার কর্তৃক রাস্তা নির্মাণ এবং ভূমি উন্নয়ন কাজ সম্পন্ন হয়েছে। ৩. ২০১৮-২০১৯ অর্থ বছরে আরএডিপি ৩২৪.০০ লক্ষ টাকা বরাদ্দের জন্য প্রস্তাব করা হয়েছে। জুন ২০১৯ পর্যন্ত ২৮৮.৩৫ লক্ষ টাকা অবমুক্ত হয়েছে যার মধ্যে ২৬৫.৮৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে।
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (জুন, ২০১৯ পর্যন্ত)	ঃ	- স্থানীয় মুদ্রা : ২৮৩৯.৬৬ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ৪৫২৬.০৩ লক্ষ টাকা মোট : ৭৩৬৫.৬৯ লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার	ঃ	বাস্তব : ১৯.২৫ % আর্থিক : ১৯.২৫ %

১। প্রকল্পের নাম	ঃ	Rupkalpa-9: 2D Seismic Project.
২। প্রকল্প অনুমোদন পর্যায়	ঃ	প্রকল্পটি ২২-০৯-২০১৬ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।
৩। প্রকল্পের অবস্থান	ঃ	টাঙ্গাইল, জামালপুর, ময়মনসিংহ এবং শেরপুর জেলা।
৪। বাস্তবায়ন কাল	ঃ	এপ্রিল, ২০১৭ হতে জুন, ২০১৯।
৫। প্রকল্প ব্যয়	ঃ	স্থানীয় মুদ্রা : ৫,৯৮৮.০০ লক্ষ টাকা <u>নগদ বৈদেশিক মুদ্রা : ৬,৩৫০.০০ লক্ষ টাকা</u> মোট : ১২,৩৩৮.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য	ঃ	The main objective is to Identify Exploratory well location on previously identified 19 seismic leads under vision 2021 in the exploration block 8 & 11. ➤ Identify probable leads/prospect by conducting seismic survey to delineate drillable subsurface structure ➤ Find out new exploratory well location to enhance hydrocarbon resource/reserve.
৭। প্রক্রিয়াধীন অগ্রগতি	ঃ	১. প্রকল্পের আওতায় গত ২০১৭-২০১৮ মার্চ মৌসুমে প্রায় ৮১০ লাইন কি.মি. উপাত্ত সংগ্রহ সম্পন্ন হয়েছে। প্রকল্পের আওতায় চলতি ২০১৮-২০১৯ মার্চ মৌসুমে সাইসমিক পার্টি-১ এর মাধ্যমে জামালপুর জেলা ও তৎসংলগ্ন এলাকা এবং সাইসমিক পার্টি-২ এর মাধ্যমে কিশোরগঞ্জ জেলা ও তৎসংলগ্ন এলাকায় ইতোমধ্যে প্রায় ২০৯০ লাইন কি.মি. উপাত্ত সংগ্রহ সম্পন্ন হয়েছে। ২. প্রকল্পের আওতায় চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরের জুন, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২৫৯৭.০০ লক্ষ টাকা।
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (জুন, ২০১৯ পর্যন্ত)	ঃ	- স্থানীয় মুদ্রা : ৩৭১৩.৩৩ লক্ষ টাকা <u>নগদ বৈদেশিক মুদ্রা : ৩৭৪৫.৭৯ লক্ষ টাকা</u> মোট : ৭৪৫৯.১২ লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার	ঃ	বাস্তব : ৬০.৪৬ % আর্থিক : ৬০.৪৬ %

১। প্রকল্পের নাম	ঃ	Rupkalpa-5 Drilling Project.									
২। প্রকল্প অনুমোদন পর্যায়	ঃ	প্রকল্পটি ৩০-০৫-২০১৭ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।									
৩। প্রকল্পের অবস্থান	ঃ	কুমিল্লা, নোয়াখালী এবং পাবনা জেলা।									
৪। বাস্তবায়ন কাল	ঃ	এপ্রিল, ২০১৭ হতে জুন, ২০১৯ (১ম সংশোধিত)।									
৫। প্রকল্প ব্যয়	ঃ	স্থানীয় মুদ্রা : ৮,৫২০.০০ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ২১,৪৮০.০০ লক্ষ টাকা মোট : ৩০,০০০.০০ লক্ষ টাকা									
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য	ঃ	<ul style="list-style-type: none"> ➤ To drill two exploratory & one appraisal cum development wells with a view to discovering oil/gas and one workover operation to increase the country's gas reserve & production. ➤ To add additional 190 BCF recoverable gas reserve (considering recovery factor 65%) of the country and to increase 26 MMSCFD gas production daily from this project depending upon discovery. 									
৭। প্রক্রিয়াধীন অগ্রগতি	ঃ	<p>১. প্রকল্পের আওতায় ১টি ওয়ার্কওভার, ১টি উন্নয়ন এবং ২টি অনুসন্ধান কূপ খনন করা হবে।</p> <p>২. বেগমগঞ্জ-৩ ওয়ার্কওভারঃ ৮টি পূর কাজ (মোড পিট সংস্কার, রাস্তা মেরামত, পেলাসাইটিং, কর্মকর্তা রান্নাঘর ও খাবার ঘর, টয়লেট, ক্যারাভ্যান ফাউন্ডেশন, নামাজঘর, কেজুয়াল শেড) সম্পন্ন হয়েছে। Handling tools, Packer milling tools, Well completion materials and bridge plug এর সরবরাহকারীর অনুকূলে ০৫.০২.২০১৮ ঋণপত্র খোলা হয়েছে। Wire line logging service ভাড়ার ভিত্তিতে সার্ভিস গ্রহণ করে কাজ সম্পন্ন করা হয়। প্রকল্পে আইডিকো রিগের মাধ্যমে মাচ, ২০১৮ এর প্রথম সপ্তাহ থেকে ওয়ার্কওভার কার্যক্রম শুরু হয়েছে। প্যাকার মিলিং, ব্রিজ প্লাগ সেটিং, সিমেন্টিং এবং ওয়্যার লাইন লগিং সম্পন্ন হয়েছে। ১৯২৬-১৯৪১ মিটার গভীরতায় পারফোরেশন করে DST কার্যক্রম পরিচালনা করা হয় সফলভাবে গ্যাস ফ্লো সম্পন্ন হয়। বর্তমানে দৈনিক প্রায় ৬.২ এমএমসিএফ গ্যাস বাখরাবাদ সরবরাহ লাইনে বিতরণ চলছে। রিগ ডিজমেন্টল শেষে রক্ষণাবেক্ষণ/মেরামতের/রিগ ডিমোভ এর কাজ আগস্ট-২০১৮ মাসে সম্পন্ন হয়েছে।</p> <p>৩. বেগমগঞ্জ-৪ উন্নয়ন কাম মূল্যায়ন কূপঃ ভাড়া রিগ দ্বারা খনন করার লক্ষ্যে ইতোমধ্যে SOCAR-AQS এর সাথে চুক্তি মোতাবেক এলসি খোলা হয়েছে। জমি হস্তান্তর গ্রহণ সম্পন্ন করতঃ জমি ভরাট ও সংযোগ সড়ক ভরাট কাজ সম্পন্ন হয়েছে। বিল প্রদান প্রক্রিয়াধীন। রিগ প্যাড নির্মাণ ও আনুষঙ্গিক পূর্ত কাজের জন্য সকার-একিউএস কর্তৃক গত ১৬-১০-২০১৮ তারিখ শুরু করা হয়েছে। উক্ত কাজের ৯০ ভাগ সম্পন্ন হয়েছে। বাপেক্স ও সকার-একিউএস এর Observation অনুযায়ী বেগমগঞ্জ-৪ কূপের GTO সংশোধন করা হয়েছে। রিগ ও খনন মালামাল ফেব্রুয়ারি-২০১৯ মাসে কূপ এলাকায় স্থানান্তর সম্পন্ন করেছে</p>									
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (জুন, ২০১৯ পর্যন্ত)	ঃ	<table border="0"> <tr> <td>- স্থানীয় মুদ্রা</td> <td>ঃ</td> <td>১৩২৯.৮৮ লক্ষ টাকা</td> </tr> <tr> <td>নগদ বৈদেশিক মুদ্রা</td> <td>ঃ</td> <td>৭৮৮.৭৭ লক্ষ টাকা</td> </tr> <tr> <td>মোট</td> <td>ঃ</td> <td>২১১৮.৬৫ লক্ষ টাকা</td> </tr> </table>	- স্থানীয় মুদ্রা	ঃ	১৩২৯.৮৮ লক্ষ টাকা	নগদ বৈদেশিক মুদ্রা	ঃ	৭৮৮.৭৭ লক্ষ টাকা	মোট	ঃ	২১১৮.৬৫ লক্ষ টাকা
- স্থানীয় মুদ্রা	ঃ	১৩২৯.৮৮ লক্ষ টাকা									
নগদ বৈদেশিক মুদ্রা	ঃ	৭৮৮.৭৭ লক্ষ টাকা									
মোট	ঃ	২১১৮.৬৫ লক্ষ টাকা									
৯। ডিপির বিপরীতে অগ্রগতির শতকরা হার	ঃ	<table border="0"> <tr> <td>বাস্তব</td> <td></td> <td>আর্থিক</td> </tr> <tr> <td>৭.০৬ %</td> <td></td> <td>৭.০৬ %</td> </tr> </table>	বাস্তব		আর্থিক	৭.০৬ %		৭.০৬ %			
বাস্তব		আর্থিক									
৭.০৬ %		৭.০৬ %									

গৃহীত পদক্ষেপ		দূর্ঘটনা সম্পর্কীয় তথ্যাদি
পরিবেশ	সেইফটি	
১) কোম্পানীর ঢাকাস্থ দপ্তর সমূহ নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা হয়েছে।	১) কোম্পানীর প্রধান কার্যালয়ে বিভিন্ন তলায় স্থাপিত ২১টি অগ্নিনির্বাপক যন্ত্র দূর্ঘটনার সময় ব্যবহারের লক্ষ্যে প্রস্তুত রাখা হয়েছে।	প্রতিবেদনকালীন মাসে কোম্পানীর কোন ফিল্ড/ বিভাগে অপারেশনাল, রক্ষণাবেক্ষণ ও পরিবেশগত কোনরূপ দূর্ঘটনা/অনুঘটনা ঘটেনি।
২) কোম্পানীর ঢাকায় চলাচলরত পেট্রোলচালিত যানবাহনের মধ্যে অধিকাংশ যানবাহনকে সিএনজিতে রূপান্তর করা হয়েছে।	২) প্রধান কার্যালয়ের প্রবেশ পথে ও প্রতিটি তলায় নিরাপত্তা প্রহরীগণ নিরাপত্তা কাজে নিয়োজিত আছেন।	
৩) বাপেক্সের ডাটা ম্যানেজমেন্ট বিভাগের টেপ প্রিজারভেশন কক্ষে সংরক্ষিত ম্যাগনেটিক টেপ ও অন্যান্য ডকুমেন্টস এবং ডাটা প্রিজারভেশন কক্ষে সংরক্ষিত সাইসমিক সেকশন, ওয়েল লগ, বিভিন্ন রিপোর্ট ইত্যাদির হার্ড কপি ডাটা প্রয়োজনীয় সহায়ক পরিবেশে সংরক্ষণের জন্য এয়ারকুলার ও ডিহিউমিডিফায়ারের সাহায্যে অফিস সময়ের পর এবং সরকারী ছুটির দিনে টেপ ও ডাটা স্টোরের তাপমাত্রা ও আদ্রতা নিয়ন্ত্রণ করা হয়।	৩) বাপেক্সের ডাটা সেন্টারের মজুদকৃত ডাটার জন্য পেট্রোসেন্টারের ১০ম তলায় ডাটা সেন্টার অফিসে ১৭টি অগ্নিনির্বাপক যন্ত্র সচল রাখার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।	
৪) বাপেক্সের পরীক্ষাগারে ব্যবহৃত যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি সংশ্লিষ্ট ম্যানুয়ালে বর্ণিত নিয়মানুযায়ী স্থাপিত ও ব্যবহৃত হয়ে থাকে।	৪) বাপেক্সের পরীক্ষাগারে সেইফটি বিধিমালার আলোকে যথাযথ সতর্কতা অবলম্বন করে অত্র বিভাগের কার্যাদি পরিচালিত হয়ে আসছে।	
৫) ফেঞ্চুগঞ্জ গ্যাস ক্ষেত্রে এলাকায় অত্র অর্থ বছরে ক্রয়কৃত ও বিভিন্ন সময়ে রোপনকৃত বিভিন্ন প্রকার বনজ, ফলজ, ঔষধি ও ফুলের গাছ ও বাগান নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	৫) সালদানদী গ্যাস ক্ষেত্রে নিরাপত্তা চৌকিসমূহে সার্বক্ষণিক নিরাপত্তার স্বার্থে নিজ নিজ দায়িত্ব-কর্তব্য পালনে নিয়োজিত আনসার/নিরাপত্তা প্রহরীগণের মধ্যে ০১ জন পিসি এবং ০১ জন এপিসি তাদের তদারকির দায়িত্বে কর্মরত আছেন। এছাড়া অতিরিক্ত নিরাপত্তার লক্ষ্যে ০৩ জন কর্মকর্তা নিরাপত্তা তত্ত্বাবধানে নিয়োজিত আছেন।	
৬) প্রসেস প্লান্ট, সিকিউরিটি পোস্ট, মেইন গেট, স্ক্রীম পিট, গ্যাদারিং লাইন, ট্যাংক এলাকা পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ নিয়মিত চলছে।	৬) সালদানদী গ্যাস ক্ষেত্রে বর্তমানে ২৪ টি অগ্নিনির্বাপকযন্ত্র দূর্ঘটনার সময় ব্যবহার করার লক্ষ্যে প্রস্তুত রাখা হয়েছে।	
৭) অত্র গ্যাস ক্ষেত্রের প্রসেস প্লান্ট ও ক্যাম্প এলাকায় পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ চলছে।	৭) ফেঞ্চুগঞ্জ গ্যাস ক্ষেত্রে স্থাপিত অগ্নিনির্বাপক যন্ত্রগুলো এবং ফায়ার ওয়াটার ইঞ্জিন পাম্প প্রতি সপ্তাহান্তে পরীক্ষা নিরীক্ষা ও কার্যপোযোগী করা হয়েছে, যাতে আপদকালীন সময়ে যথাযথভাবে ব্যবহার করা যেতে পারে।	
৮) সেমুতাং গ্যাস ক্ষেত্রের কর্মকর্তা-কর্মচারীগণের ক্যাম্পসহ প্রসেস প্লান্ট এলাকার সর্বত্র বিভিন্ন ধরণের ঘাস, আগাছা পরিষ্কার করা হয়েছে।	৮) বিভিন্ন স্থানের অগ্নিনির্বাপক যন্ত্র ও হাইড্রেন্ট লাইনসমূহ কার্যক্ষম করে যথাস্থানে স্থাপন করা হয়েছে।	
৯) বৃক্ষ রোপন কর্মসূচী সফল করার লক্ষ্যে রোপনকৃত চারা গাছসহ বিভিন্ন সময়ে রোপিত অন্যান্য গাছের নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	৯) নিরাপত্তা কাজে নিয়োজিত আনসার ও সিকিউরিটি বাহিনীর কার্যক্রম প্রতিনিয়ত তদারকি করা হচ্ছে।	
১০) সালদানদী গ্যাস ক্ষেত্রের কর্মকর্তা-কর্মচারীগণের ক্যাম্পসহ প্রসেস প্লান্ট এলাকার সর্বত্র বিভিন্ন ধরণের ঘাস, আগাছা পরিষ্কার করাসহ ফলজ, বনজ ও ঔষধি গাছের নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	১০) কন্ট্রোল রুম ও বিভিন্ন স্থানে স্থাপিত ফায়ার/স্মোক ডিটেকটর ও অ্যালার্ম ডিভাইসগুলো চেক করা হয়েছে।	
১১) বৃক্ষ রোপন কর্মসূচীর আওতায় রোপনকৃত চারা গাছসহ বিভিন্ন সময়ে রোপিত অন্যান্য গাছের নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	১১) শাহবাজপুর গ্যাস ক্ষেত্রে ১নং গ্যাস উৎপাদন কূপের কন্ট্রোল রুমের চারিপাশ আগাছামুক্ত ও পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয়েছে।	
১২) শাহবাজপুর গ্যাস ক্ষেত্রের ১নং ও ২নং কূপ এলাকায় বিভিন্ন সময়ে রোপিত ফলজ, বনজ ও ঔষধি গাছসহ এ পর্যন্ত লাগানো বৃক্ষসমূহ ও বাগান নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	১২) শাহবাজপুর গ্যাস ক্ষেত্রের ভাণ্ডার ভবনের সামনে একটি গোড়াউন ঘর তৈরী করে সেখানে পেট্রোল, ডিজেল ইত্যাদি সংরক্ষণ করা হয়েছে।	

গৃহীত পদক্ষেপ		দৃষ্টিনা সম্পর্কীয় তথ্যাদি
পরিবেশ	সেইফটি	
	<p>১৩) সেমুতাং গ্যাস ক্ষেত্রে নিরাপত্তা চৌকিসমূহে সার্বক্ষণিক নিরাপত্তার স্বার্থে অস্থায়ী নিরাপত্তা প্রহরীগণ নিজ নিজ দায়িত্ব-কর্তব্য পালনে নিয়োজিত আছেন এবং ০১ জন নিরাপত্তা প্রহরী তাদের তদারকির দায়িত্বে কর্মরত আছেন। এছাড়া একটি মনিটরিং সেল নিরাপত্তা ব্যবস্থা তদারকি করে থাকেন।</p> <p>১৪) খনন চলাকালীন সময়ে সেইফটি বিষয়ে গৃহীত পদক্ষেপ সমূহ নিম্নরূপঃ-</p> <p>(ক) ফিল্ডে কূপের নিরাপত্তার কাজে ব্যবহৃত বিভিন্ন প্রকার যন্ত্রপাতি যেমন- BOP & Control Panel, Gray Valve, Kelly Cock (Upper & Lower) ইত্যাদির কার্যকারিতা মাঝে মাঝে পরীক্ষা করা হয়।</p> <p>(খ) পরিবেশ দূষণ প্রতিরোধে Mud Pit-এর ব্যবস্থা রাখা হয়েছে।</p> <p>(গ) অগ্নি নির্বাপনের জন্য বিভিন্ন ধরনের Fire Extinguisher এর ব্যবস্থা রাখা হয়েছে।</p> <p>(ঘ) কর্মকর্তা ও কর্মচারীদের ব্যক্তিগত নিরাপত্তার জন্য safety shoe/safety boot, helmet, rain coat, hand gloves, safety belt ইত্যাদির ব্যবস্থা রাখা হয়েছে। তাছাড়াও ladder, railing এবং First Aid-এর ব্যবস্থা আছে।</p> <p>১৫) টেকনিক্যাল সার্ভিসেস বিভাগঃ-</p> <p>(ক) টেকনিক্যাল সার্ভিসেস বিভাগের উপ-বিভাগ সমূহে ব্যবহৃত ইকুইপমেন্ট, যন্ত্রপাতি ও কেমিক্যাল যথাযথ নিয়ম মেনে ব্যবহার করা হয়েছে।</p> <p>(খ) সেইফটি বিধিমালার আলোকে যথাযথ সতর্কতা অবলম্বন করে টেকনিক্যাল সার্ভিসেস বিভাগের কার্যাদি পরিচালিত হয়েছে।</p>	

১। অনুসন্ধান ভূ-তত্ত্ব

ঃ

- ০১। ভূতাত্ত্বিক জরিপ দল ২০১৮-১৯ মৌসুমে মাঠ পর্যায় হতে সংগৃহীত তথ্য-উপাত্ত বিশ্লেষণপূর্বক পাথারিয়া ভূগঠনের একটি পূর্ণাঙ্গ ভূতাত্ত্বিক প্রতিবেদন প্রণয়ন এর নিমিত্তে একটি খসড়া ভূতাত্ত্বিক প্রতিবেদন প্রস্তুত করেছে।
- ০২। ২০১৮-২০১৯ মাঠ মৌসুমে পাথারিয়া ভূগঠনে জরিপ কার্যক্রম হতে প্রাপ্ত তথ্য উপাত্ত ব্যবহার করে Lithological Column প্রস্তুতকরতঃ Correlation তৈরি করা হয়েছে এবং একটি খসড়া ভূতাত্ত্বিক মানচিত্র প্রস্তুত করা হয়েছে।
- ০৩। SOP (Standard Operating Procedure) এর Manual চূড়ান্ত করার সমন্বয় কাজ চলমান রয়েছে।
- ০৪। বাপেক্স পরিচালিত ভূতাত্ত্বিক মানচিত্রায়ণ কাজে জিএসবি'র অংশগ্রহণ শেষে জিএসবি কর্তৃক প্রেরিত সংক্ষিপ্ত প্রতিবেদন এর উপর মতামত প্রদান করে বাপেক্সের পরিকল্পনা বিভাগ বরাবর প্রেরণ করা হয়েছে।
- ০৫। চট্টগ্রাম জেলার পতেঙ্গা থানাধীন কাটঘর মাইজপাড়া গ্রামের জনাব মোঃ সহিদুল ইসলাম এর বাড়িতে স্থাপিত নলকূপ দিয়ে গ্যাস নির্গমন স্থান সরেজমিন পরিদর্শন করতঃ প্রতিবেদন প্রস্তুত এর কাজ চলমান রয়েছে।

২। বেসিন স্টাডি

ঃ

- ০৬। শরিয়তপুর এলাকার পূর্বের সংগৃহীত এবং সম্প্রতি ২০১৭-১৮ মাঠ মৌসুমে সংগৃহীত দ্বিমাত্রিক সাইসমিক উপাত্তসমূহ একত্রীভূত করে শরিয়তপুর প্রসপেক্ট মূল্যায়নকরতঃ কূপ প্রস্তাবনা প্রনয়নের কাজ চলমান রয়েছে।
- ০৭। সাভার-মানিকগঞ্জ এলাকায় পূর্বে সংগৃহীত দ্বিমাত্রিক সাইসমিক উপাত্তসমূহ এবং সম্প্রতি ২০১৮-১৯ মাঠ মৌসুমে সংগৃহীত দ্বিমাত্রিক সাইসমিক উপাত্তসমূহ সমন্বয় করে ভূপদার্থিক ও ভূতাত্ত্বিক মূল্যায়নের কাজ চলমান রয়েছে।
- ০৮। অত্র উপ-বিভাগের দুইজন কর্মকর্তা সিলেট জেলার সিলেট-হরিপুর গ্যাসক্ষেত্র এলাকায় অবস্থানকরতঃ সিলেট # ৯ নং কূপের সেন্টার পয়েন্ট সরেজমিনে পুনঃনির্ধারণের কাজ সম্পাদন করেছেন।

৩। ফরমেশন ইভ্যালুয়েশন

ঃ

- ০৯। পেট্রোবাংলা কর্তৃক প্রেরিত পত্রের প্রেক্ষিতে শাহবাজপুর এবং ভোলা নর্থ গ্যাস ক্ষেত্রের গ্যাস স্যান্ড ভিত্তিক গ্যাস মজুদ তথ্যাদি (GIIP, 2D, 1P এবং Recoverable reserve) এবং Production profile/Depletion plan মহাব্যবস্থাপক, রিজার্ভয়ের এ্যান্ড ডাটা ম্যানেজমেন্ট বিভাগ, পেট্রোবাংলা বরাবর প্রেরণ করা হয়েছে।
- ১০। বাপেক্স এর আওতায় বেগমগঞ্জ # ৩ ওয়ার্কওভার কূপে ওয়ারলাইন লগিং কাজে ব্যবহার পরবর্তী পুনঃরপ্তানিযোগ্য রেডিওগ্রাফিক সোর্স ও ম্যাটেরিয়াল পুনঃরপ্তানির জন্য বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের পূর্বানুমতি প্রদানের লক্ষ্যে পেট্রোবাংলা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।
- ১১। জকিগঞ্জ # ১ অনুসন্ধান কূপের খনন কার্যক্রমের অন্তর্ভুক্ত Wireline Logging সেবার বিপরীতে দাখিলকৃত Bid document-এর কারিগরী Evaluation-এর কাজ চলমান রয়েছে।
- ১২। রূপকল্প-১ এর আওতায় শ্রীকাইল ইন্সট #১ অনুসন্ধান কূপের ভূতাত্ত্বিক বিভাগ সংশ্লিষ্ট Wireline Logging সেবা গ্রহণের লক্ষ্যে Contract প্রস্তুতের জন্য কাজ চলমান রয়েছে।
- ১৩। গত ২৫/১০/২০১৮ ইং তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় শ্রীকাইল # ৪, ফেঞ্চুগঞ্জ # ৩ এবং # ৪ কূপসমূহে ওয়ার্কওভার করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে শ্রীকাইল # ৪, ফেঞ্চুগঞ্জ # ৩ এবং # ৪ কূপ সমূহে ওয়ার্কওভার কাজের জন্য পৃথক ০২ (দুই)টি খসড়া কারিগরী প্রতিবেদন চূড়ান্তকরণের কাজ চলমান রয়েছে।

- ১৪। ফেঞ্চুগঞ্জ # ৪ কূপে ওয়ার্কওভার করার লক্ষ্যে ভূতাত্ত্বিক বিভাগ সংশ্লিষ্ট Wireline Logging সেবার জন্য Technical specification তৈরির কাজ চলমান রয়েছে।
- ১৫। সালদা নর্থ # ১ অনুসন্ধান কূপে Perforation কাজে ব্যবহৃতব্য Explosive-এর বিপরীতে দাখিলকৃত ইনভয়েস পরীক্ষণের কার্যক্রম চলমান রয়েছে।
- ১৬। সালদা নর্থ # ১ অনুসন্ধান কূপে Wireline Logging সেবা গ্রহণের বিপরীতে দাখিলকৃত আগস্ট মাসের ইনভয়েস পরীক্ষণের কার্যক্রম সম্পন্ন করত : প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে।
- ১৭। শাহজাদপুর-সুন্দলপুর # ২ মূল্যায়ন/উন্নয়ন কূপ থেকে সংগৃহিত Wireline Log data, DST data এবং অন্যান্য তথ্য-উপাত্ত বিশ্লেষণপূর্বক খসড়া মজুদ নির্ণয় পূর্বক মজুদ প্রতিবেদন এবং Log Interpretation প্রতিবেদন প্রস্তুতের কাজ চলমান রয়েছে।
- ১৮। ফেঞ্চুগঞ্জ, বেগমগঞ্জ, সালদানদী, বৃগগঞ্জ ও সুন্দলপুর গ্যাস ক্ষেত্রে প্রাপ্ত নতুন গ্যাস স্যান্ড এবং অন্যান্য গ্যাস স্যান্ড সহ ফিল্ড সমূহের মজুদ পুনঃমূল্যায়নের কাজ চলমান রয়েছে।
- ১৯। শাহবাজপুর ইষ্ট # ১ কূপে গ্যাস প্রাপ্তির প্রেক্ষিতে শাহবাজপুর গ্যাস ফিল্ডের মজুদ পুনঃমূল্যায়নপূর্বক মজুদ প্রতিবেদন প্রস্তুতের কাজ চলমান রয়েছে।
- ২০। ভোলা নর্থ গ্যাস ফিল্ডের ১ নং কূপে গ্যাস প্রাপ্তির প্রেক্ষিতে Log Interpretation করত: প্রতিবেদন প্রস্তুতের কাজ চলমান রয়েছে।
- ২১। ভোলা নর্থ গ্যাস ফিল্ডের প্রাথমিক মজুদ মূল্যায়ন শেষে মজুদ প্রতিবেদন প্রস্তুতের কাজ চলমান রয়েছে।

৪। ফিল্ড উন্নয়ন ভূ-তত্ত্ব ঃ

- ২২। সুনত্র অনুসন্ধান কূপ # ২ এর GTO প্রস্তুতকরণের কাজ চলছে।
- ২৩। এসজিএফএলের সিলেট # ৯ মূল্যায়ন এবং উন্নয়ন কূপের লোকেশন ভূমি উন্নয়নের কারণে স্থানান্তরের পর Revised GTO এসজিএফএলের বরাবর প্রেরণ করার লক্ষ্যে ব্যবস্থাপক পরিচালক মহোদয় এর দপ্তরে প্রেরণ করা হয়েছে।
- ২৪। বাপেক্সের ওয়েদারফোর্ড মাডলগিং ইউনিট রিফারবিস ও আপগ্রেড করার লক্ষ্যে প্রকিউরমেন্ট এর কাজ চলমান রয়েছে।
- ২৫। বাপেক্সের ও.এফ.আই মাডলগিং ইউনিট রিফারবিস ও আপগ্রেড করার লক্ষ্যে প্রকিউরমেন্ট এর কাজ চলমান রয়েছে।
- ২৬। সালদানদী, ফেঞ্চুগঞ্জ, শাহবাজপুর, সেমুতাং, বেগমগঞ্জ, সুন্দলপুর ও শ্রীকাইল গ্যাসক্ষেত্রের উৎপাদন ও Well head pressure নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে।

৫। আইওসি কার্যক্রম ঃ

- ২৭। KrisEnergy ও Niko Resources-এর সাথে PSC Block-9 এর অংশীদার হিসেবে বাংগুরা গ্যাসক্ষেত্রের অপারেশন পর্যবেক্ষণ করা হচ্ছে।
- ২৮। Santos Sangu Field Ltd. – KrisEnergy Asia Ltd. এর সাথে PSC Block SS-11 এর ক্রেডিট পার্টনার হিসেবে অপারেশন পর্যবেক্ষণ করা হচ্ছে। Santos Sangu Field Ltd. উক্ত ব্লকে তাদের পার্টিসিপেটরি ইন্টারেস্ট যুক্তরাজ্যভিত্তিক Ophir Energy PLC-এর একটি সাবসিডিয়ারি প্রতিষ্ঠান. Ophir Jaguar 1 Ltd.-এর নিকট হস্তান্তরের প্রক্রিয়া Ophir Energy বাতিল করেছে। Block- SS-11-এ Santos কর্তৃক আহরিত দ্বিমাত্রিক ও ত্রিমাত্রিক সাইসমিক উপাত্তসমূহ বাপেক্সে প্রেরণ করেছে। বাপেক্সের ভূতাত্ত্বিক বিভাগ ও ভূপদার্থিক বিভাগের কর্মকর্তৃবৃন্দ উক্ত উপাত্তসমূহ পর্যালোচনা করছেন।
- ২৯। ONGC Videsh Ltd. (OVL) ও Oil India Ltd. (OIL) এর সাথে PSC Block SS-04 ও SS-09 এর ক্রেডিট পার্টনার হিসেবে অপারেশন পর্যবেক্ষণ করা হচ্ছে। ব্লক- SS-04 এর অধীন কক্সবাজার জেলার মহেশখালীতে ‘কাঞ্চন-১’ নামে একটি অনুসন্ধান কূপ খননের লক্ষ্যে ভূমি উন্নয়নের কাজ চলছে। রিগ স্থানান্তরের প্রক্রিয়া চলছে।

অপারেটর ONGC Videsh ব্লকসমূহের চূড়ান্ত ইন্টারপ্রিটেশন রিপোর্ট বাপেক্স-এ প্রেরণ করেছে। বাপেক্সের ভূতাত্ত্বিক বিভাগের কর্মকর্তৃবৃন্দ উক্ত ইন্টারপ্রিটেশন রিপোর্ট পর্যালোচনা করেছেন।

গত ২৬ জুন, ২০১৯ তারিখে বাপেক্সে পার্টনারদের মধ্যে অপারেটিং কমিটির মিটিং অনুষ্ঠিত হয়, উক্ত বৈঠকে ব্লক- SS-04 এ তিতলি # ১ নামে ৪৫০০ মিটার গভীরতাসম্পন্ন একটি অনুসন্ধান কূপ খননের সিদ্ধান্ত অনুমোদিত হয়েছে। এছাড়া গত ২৭ জুন, ২০১৯ তারিখে পেট্রোবাংলায় Joint Review Committee (JRC) এর মিটিং অনুষ্ঠিত হয়েছে। উক্ত বৈঠকে ২০১৮-২০১৯ এর সংশোধিত বাজেট এবং ২০১৯-২০২০ এর বাজেট অনুমোদিত হয়েছে।

৩০। Niko Resources কর্তৃক আন্তর্জাতিক আদালতে দায়েরকৃত মামলাসমূহ (ICSID Case Nos.ARB/10/11 and ARB/10/18) রায়ের অপেক্ষায় আছে।

৩১। সরকার কর্তৃক অনুমোদনের প্রেক্ষিতে রাশিয়ান ফেডারেশনের রাষ্ট্রীয় প্রতিষ্ঠান Gazprom এবং বাপেক্স-এর মধ্যে Bhola Island Gas Field Evaluation-এর জন্য উভয় পক্ষের সম্মতিক্রমে একটি খসড়া Memorandum of Understanding (MoU) প্রণয়ন করা হয়েছে। পরবর্তী অনুমোদন প্রক্রিয়া চলমান রয়েছে।

৬। বিবিধ

৪

৩২। BPI কর্তৃক আয়োজিত ১৬-০৬-২০১৯ থেকে ২০-০৬-২০১৯ তারিখ পর্যন্ত অনুষ্ঠেয় “Conflict and Stress Management” শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অত্র বিভাগ হতে একজন কর্মকর্তা অংশগ্রহণ করেছেন।

৩৩। Schlumberger SEACO Inc. কর্তৃক আয়োজিত ২৩-০৬-২০১৯ থেকে ২৭-০৬-২০১৯ তারিখ পর্যন্ত অনুষ্ঠেয় “Basics of Log Interpretation” শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অত্র বিভাগ হতে সাতজন কর্মকর্তা অংশগ্রহণ করেছেন।

১। ডাটা প্রসেসিং উপবিভাগ :

- ক) ২০১৭-২০১৮ মাঠ মৌসুমে রূপকল্প-০৯:২ডি সাইসমিক প্রজেক্টের পার্টি-০২ এর আওতায় কিশোরগঞ্জ এলাকায় সংগৃহীত সাইসমিক জরীপ RK-9-18, RK-9-22, RK-9-24, RK-9-26, RK-9-30, RK-9-34, RK-9-36, RK-9-38, RK-9-45, RK-9-37 Full Line, RK-9-41 Full Line, RK-9-53 ও RK-9-57 লাইনসমূহের Final Processing এর কাজ চলমান আছে।
- খ) ২০১৮-২০১৯ মাঠ মৌসুমে রূপকল্প-০৯:২ডি সাইসমিক প্রজেক্টের পার্টি-০১ এর আওতায় জামালপুর, ময়মিনসিংহ ও টাঙ্গাইল এলাকায় সংগৃহীত সাইসমিক জরীপ RK-9-R-09, RK-9-R-13, RK-9-R-17, RK-9-R-18, RK-9-R-21, RK-9-R-22, RK-9-R-26, RK-9-R-30, RK-9-AD-101, RK-9-AD-02 ও RK-9-AD-03 লাইনসমূহের Final Processing এর কাজ চলমান আছে।
- গ) Processing Software Geovation 2015 (Level 6501) দ্বারা ২০১৮-২০১৯ মাঠ মৌসুমে রূপকল্প-০৯:২ডি সাইসমিক প্রজেক্টের পার্টি-০১ কর্তৃক মাদারগঞ্জ-জামালপুর এলাকার RK-9-MG-32, RK-9-MG-36, RK-9-MG-61, RK-9-R-05, RK-9-R-42 লাইনসমূহের Per Stack Time Migration (PSTM) এর কাজ শেষ হয়েছে এবং পরবর্তী কার্যক্রমের জন্য উপাত্ত বিশ্লেষণ উপবিভাগ ও ভূতাত্ত্বিক বিভাগে প্রেরণ করা হয়েছে। বর্তমানে অবশিষ্ট লাইনসমূহের Velocity Analysis Picking কাজ চলমান আছে।

২। জিওফিজিক্যাল মেইনটেন্যান্স এন্ড স্টোরস উপবিভাগ :

- ক) 428 এর Server ও client সমূহ পরীক্ষা করা হয়েছে।

১। খনন ও ওয়ার্কওভার কার্যক্রম :

- ক) বেগমগঞ্জ # ৪ খনন প্রকল্প :
বাপেক্স ও SOCAR AQS এর মধ্যে টার্নকি চুক্তির আওতায় সকার একিউএস বেগমগঞ্জ-৪ কূপ এলাকায় রিগ স্থানান্তরের কাজ সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে সকার একিউএস চুক্তি বাতিলের নোটিশ প্রদান করায় বেগমগঞ্জ # ০৪ কূপ খনন অনিশ্চয়তা দেখা দিয়েছে।
- খ) বাখরাবাদ # ১ ওয়ার্কওভার :
বাপেক্স বিজিএফসিএল এর মধ্যে চুক্তির আওতায় বাপেক্স এর XJ650T (Production Rig) রিগ দ্বারা ১৬-০৫-২০১৯ তারিখে বাখরাবাদ # ০১ ওয়ার্কওভার কাজ শেষ করা হয়েছে। বর্তমানে রিগ Maintenance এর কাজ চলমান রয়েছে।
- গ) তিতাস # ৬ ওয়ার্ক ওভার প্রকল্পঃ
বাপেক্স বিজিএফসিএল এর মধ্যে চুক্তির আওতায় IDECO 1700 Rig দ্বারা তিতাস-৬ কূপের ওয়ার্কওভার কাজ ০১-০৬-২০১৯ তারিখে শেষ হয়েছে। বর্তমানে রিগ Maintenance এর কাজ চলমান রয়েছে।
- ঘ) সিলেট-৯ কূপ খননঃ
বাপেক্স ও এসজিএফএল এর মধ্যে চুক্তির আওতায় ZJ50 DBS (Bijoy-12) রিগ দ্বারা সিলেট-৯ কূপ খনন করা হবে। রিগ মোবাইলাইজেশন নোটিশ প্রাপ্তির পর এসজিএফএল এর সিলেট-৯ কূপ এলাকায় রিগ স্থানান্তর করা হবে। বর্তমানে রিগটি কসবা-১ কূপে রয়েছে।
- ঙ) নরসিংদী # ০১ ওয়ার্কওভার:
বাপেক্স বিজিএফসিএল এর মধ্যে চুক্তির আওতায় ZJ40 DBT রিগটি দ্বারা ২০-০৬-২০১৯ তারিখ ওয়ার্কওভার কাজ শুরু করা হয়েছে।

২। রিগ বেইজ :

- ক) মাধবপুর রিগ বেইজ :
দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম পরিচালনাসহ রিগ বেইজে রক্ষিত মালামাল রক্ষণাবেক্ষণ, পরিষ্কার পরিচ্ছন্ন ও নিরাপত্তা বিধানের কাজ অব্যাহত আছে।

১। কূপ পরীক্ষণ (Well Testing) :

- ১) রূপকল্প # ১ প্রকল্পের শ্রীকাইল ইষ্ট # ১ অনুসন্ধান কূপের জন্য আন্তর্জাতিক দরপত্র (OTM) এর মাধ্যমে Slick Line Operation Service গ্রহণের লক্ষ্যে দরপত্র মূল্যায়ন প্রতিবেদন স্বাক্ষরিত হয়েছে।
- ২) রূপকল্প-২ প্রকল্পের জকিগঞ্জ # ১ কূপের জন্য আন্তর্জাতিক দরপত্র (OTM) এর মাধ্যমে DST Service গ্রহণের লক্ষ্যে আহ্বায়িত দরপত্রের মূল্যায়ন কাজ চলমান রয়েছে।
- ৩) রূপকল্প # ১ প্রকল্পের শ্রীকাইল ইষ্ট # ০১ কূপের জন্য LTM এর মাধ্যমে DST Service গ্রহণের লক্ষ্যে আহ্বায়িত দরপত্রের বিপরীতে প্রাপ্ত দরপত্র মূল্যায়ন সম্পন্ন করত: খসড়া চুক্তিপত্র প্রনয়নের কাজ সম্পন্ন হয়েছে।
- ৪) সালদা গ্যাস ক্ষেত্রে রক্ষিত কূপ পরীক্ষণ যন্ত্রপাতি রক্ষনাবেক্ষণ কাজ সম্পন্ন করত: শাহবাজপুর # ০৩ নং কূপে প্রেরণের ব্যবস্থা গৃহিত হয়েছে।
- ৫) সদ্যসমাপ্ত বিভিন্ন কূপের কূপ পরীক্ষন রিপোর্ট প্রনয়ণ এবং পরবর্তী কূপসমূহের প্রস্তাবিত ডিএসটি/ টেস্টিং প্রসিডিউর চূড়ান্তকরণের কাজ অব্যাহত আছে। বাপেক্স আর্কাইভে বিভিন্ন কূপের দলিল/দস্তাবেজ প্রদনের কাজ চলমান রয়েছে।

২। মাড ইঞ্জিনিয়ারিং (Mud Engineering) :

- ১) নরসিংদী # ১ কূপে ওয়ার্কওভার কাজে মাড ইঞ্জিনিয়ারিং সার্ভিস প্রদান অব্যাহত আছে।
- ২) তিতাস # ৬ কূপের ওয়ার্কওভার কাজ শেষে মাড সিস্টেমের রক্ষণাবেক্ষন কাজ চলমান আছে।
- ৩) মাড ইঞ্জিনিয়ারিং সার্ভিস প্রদানের জন্য Reagent, Apparatus and Equipment ক্রয়ের লক্ষ্যে প্রাক্কলন প্রতিবেদন প্রস্তুত করে ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স বরাবর দাখিল করা হয়েছে।
- ৪) শ্রীকাইল ইষ্ট # ০১ খনন কূপের জন্য Mud and Completion Chemical ক্রয়ের লক্ষ্যে ক্রয়াদেশ নং বাপেক্স/এডমিন/১৬১৭ এর ভেটিং সম্পন্ন করা হয়েছে।

৩। ওয়েল সিমেন্টেশন (Well Cementation) :

- ১) শ্রীকাইল ইষ্ট (রূপকল্প # ১) কূপের বিপরীতে Procurement Of API Class “G” Cement, Cement Additives, Cement Analysis And Cementation Services With Equipment (Rental) এর জন্য আন্তর্জাতিক দরপত্র (LTM) মূল্যায়নের কাজ সম্পন্ন শেষে M/s Halliburton International GmbH এর সাথে খসড়া চুক্তি নং-১৭১৫ টি ভেটিং এর জন্য সচিব শাখায় পাঠানো হয়েছে।
- ২) রূপকল্প # ২ এর আওতায় জকিগঞ্জ # ১ অনুসন্ধান কূপের বিপরীতে Procurement Of API Class “G” Cement, Cement Additives, Cement Analysis and Cementation Services With Equipment (Rental) এর জন্য আন্তর্জাতিক দরপত্র (OTM) আহ্বানের করা হয়েছে।
- ৩) শাহবাজপুর # ০৩ কূপের Annulus এ Pressure থাকায় কারিগরী সভার সিদ্ধান্তের আলোকে Annulus Kill করার জন্য আধুনিক Cementing Unit ও অন্যান্য যন্ত্রপাতি সালদা গ্যাস ফিল্ড হতে শাহবাজপুর গ্যাস ফিল্ডে স্থানান্তরের কাজ প্রক্রিয়াধীন আছে।

৪.৫

পরীক্ষাগার বিভাগ

১। পেট্রোফিজিক্যাল :

- ক) বাপেক্স-এর আর্কাইভ সৃজনের লক্ষ্যে গঠিত কমিটির চাহিদাক্রমে উপ-বিভাগে রক্ষিত প্রতিবেদনসমূহের তালিকা মোতাবেক প্রতিবেদনসমূহ ও অন্যান্য দলিলাদির প্রয়োজনীয় সফট কপি প্রস্তুতির কাজ শেষে কমিটির নিকট প্রেরণ করা হয়েছে।
- খ) বাপেক্স-এর চট্টগ্রামস্থ আঞ্চলিক কার্যালয়ে অবস্থিত কোরস্টোরটি আধুনিকায়নের প্রচেষ্টা চলমান আছে।
- গ) সেমুতাং সাউথ # ১ এ কোরিংকৃত দুই (০২) টি কোর (১৮ মিটার এর ২১ টি সেগমেন্ট এর Slabbing শেষে Sampling এর কাজ চলছে।
- ঘ) উপ-বিভাগের Analogue Core Resistivity Meter এর মেরামতের কাজ চলমান আছে।
- ঙ) পেট্রোফিজিক্যাল নমুনা প্রস্তুতকারী তিনটা (০৩) যন্ত্রের ভেটিং শেষে আর্গজাতিক টেন্ডার আহবান করা হয়েছে।

২। ভূতাত্ত্বিক ল্যাব :

- ক) মোবারাকপুর #১ কূপ থেকে সংগৃহীত Cutting নমুনার Micropaleontological Analysis এর লক্ষ্যে নমুনা প্রস্তুত ও পৃথকীকরণ শেষে জীবাস্ম সনাক্তকরণের কাজ চলছে।
- খ) ভোলা নর্থ#১ কূপ থেকে সংগৃহীত Cutting নমুনার Micropaleontological Analysis এর লক্ষ্যে নমুনা প্রস্তুত শেষে জীবাস্ম পৃথকীকরণের কাজ চলছে।
- গ) মোবারাকপুর #১ কূপ থেকে সংগৃহীত Cutting নমুনার XRD Data Collection শেষে Analysis এর কাজ চলছে।
- ঘ) ভোলা নর্থ#১ কূপ থেকে সংগৃহীত Cutting নমুনার XRD Data Collection শেষে Analysis এর কাজ চলছে।
- ঙ) ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক প্রেরিত ২০১৮-২০১৯ মাঠ মৌসুমে পাথারিয়া ভূ-গঠন থেকে সংগৃহীত ১২ টি নমুনার Grain Size Analysis এর কাজ চলছে।

৩। ভূ-রসায়ন :

- ক) ফেঞ্চুগঞ্জ গ্যাসক্ষেত্র থেকে জুন ২০১৯ মাসে সংগৃহীত ০১ (এক)টি সেলস গ্যাস ও ০২ (দুই)টি ওয়েলহেড গ্যাস (ফেঞ্চুগঞ্জ #৩ ও #৪), ০১ (এক)টি লিকুইড হাইড্রোকার্বন এবং ০১ (এক)টি পানি নমুনার বিশ্লেষণ কাজ শেষে বিশ্লেষণ প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।
- খ) সালদানদী গ্যাসক্ষেত্র থেকে জুন ২০১৯ মাসে সংগৃহীত ০১ (এক)টি সেলস গ্যাস ও ০২ (দুই)টি ওয়েলহেড গ্যাস (সালদা #৩ শর্ট ও লং স্ট্রিং), ০১ (এক)টি কনডেনসেট এবং ০১ (এক)টি পানি নমুনার বিশ্লেষণ কাজ শেষে বিশ্লেষণ প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।
- গ) সেমুতাং গ্যাসক্ষেত্র থেকে জুন ২০১৯ মাসে সংগৃহীত ০১ (এক)টি সেলস গ্যাস ও ০২ (দুই)টি ওয়েলহেড গ্যাস (সেমুতাং #৫ ও #৬), ০১ (এক)টি কনডেনসেট এবং ০১ (এক)টি পানি নমুনার বিশ্লেষণ কাজ শেষে বিশ্লেষণ প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।
- ঘ) শাহবাজপুর গ্যাসক্ষেত্র থেকে জুন ২০১৯ মাসে সংগৃহীত ০১ (এক)টি সেলস গ্যাস ও ০৩ (তিন)টি ওয়েলহেড গ্যাস (শাহবাজপুর #১, #২ ও #৩), ০২ (দুই)টি লিকুইড হাইড্রোকার্বন এবং ০১ (এক)টি পানি নমুনার বিশ্লেষণ কাজ শেষে বিশ্লেষণ প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।
- ঙ) শ্রীকাইল গ্যাসক্ষেত্র থেকে জুন ২০১৯ মাসে সংগৃহীত ০১ (এক)টি সেলস গ্যাস ও ০৩ (তিন)টি ওয়েলহেড গ্যাস (শ্রীকাইল #২, #৩ ও #৪), ০২ (দুই)টি কনডেনসেট এবং ০১ (এক)টি পানি নমুনার বিশ্লেষণ কাজ শেষে বিশ্লেষণ প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।
- চ) বেগমগঞ্জ গ্যাসক্ষেত্র থেকে জুন ২০১৯ মাসে সংগৃহীত ০১ (এক)টি সেলস গ্যাস ও ০১ (এক)টি ওয়েলহেড গ্যাস (বেগমগঞ্জ #৩), ০১ (এক)টি কনডেনসেট ও ০১ (এক)টি পানি নমুনার বিশ্লেষণ কাজ শেষে বিশ্লেষণ প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।
- ছ) শাহজাদপুর-সুন্দলপুর গ্যাসক্ষেত্র থেকে জুন ২০১৯ মাসে সংগৃহীত ০১ (এক)টি সেলস গ্যাস ও ০১ (এক)টি ওয়েলহেড গ্যাস (সুন্দলপুর #২), ০১ (এক)টি কনডেনসেট এবং ০১ (এক)টি পানি নমুনার বিশ্লেষণ কাজ শেষে বিশ্লেষণ প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

গ্যাস ও কনডেনসেট উৎপাদন এবং বিক্রয়ের সংক্ষিপ্ত বিবরণী

(১) উৎপাদনের বিবরণ

ঃ

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	গ্যাস ক্ষেত্র	উৎপাদনক্ষম কূপ সংখ্যা	উৎপাদনরত কূপ সংখ্যা	উপাদান	দৈনিক উৎপাদন ক্ষমতা	লক্ষ্যমাত্রা (২০১৮- ২০১৯)	চলতি মাস (জুন' ২০১৯)	বিগত মাস (মে, ২০১৯)	চলতি বৎসর ক্রমপুঞ্জিত (২০১৮-২০১৯)	প্রারম্ভ হতে ক্রমপুঞ্জিত উৎপাদন
০১।	সালদানদী	০৩	০১	১। গ্যাস	০.১০১	৩৬.৮৬	৩.৪৯৫	৩.৬৩৪	৪৪.২০৩	২০৯৭.৫১৮
				২। কনডেনসেট	০.০৮০	২৯.১১	২.৬৫৫	২.৯৬৭	৩৯.৪৮৩	৭০৬২.৫৩১
০২।	ফেঞ্চুগঞ্জ	০৩	০২	১। গ্যাস	০.২৫৩	৯২.২০	৪.৩৬২	৪.৮৭৩	৯৬.৫১০	৪৫২৮.৮৬৩
				২। কনডেনসেট	০.৫২২	১৯০.৫৯	৭.৭০৪	১৪.২৭০	২২৮.৬৯৮	১৮৩৪১.২০০
০৩।	শাহবাজপুর	০৪	০২	১। গ্যাস	১.৭২০	৫৬৭.৫৮	৫২.৭৩১	৫২.৫৮১	৫৭৬.৯৪৭	১৯২৭.০৩২
				২। কনডেনসেট	১.১২৩	৩৭০.৬০	৩২.৮৯৭	৩২.৮৪৯	৪০৬.২৭৭	১২০০.৪৬০
০৪।	সেমুতাং	০৬	০১	১। গ্যাস	০.০১৬	৫.৭৬	০.৬১৪	০.৬৬৫	৭.৮৫৪	৩৭২.৪৯৮
				২। কনডেনসেট	০.০০৪	১.৪৯	-	-	১.৪৮৭	৮২৫.৯৭৬
০৫।	সুন্দলপুর	০১	০১	১। গ্যাস	০.১৮১	৬৬.০০	৫.৮৭২	৬.১৬৩	৭১.২৭৫	৩৭৯.৭৬১
				২। কনডেনসেট	০.০২০	৭.৪২	৩.৮১৯	১.৫০৩	২৮.২২১	৭৮.১৬১
০৬।	শ্রীকাইল	০৩	০৩	১। গ্যাস	০.৮৪৫	৩০৮.৬০	২৮.৩৪৩	২৯.৭২৯	৩৫২.৬২৮	২৪৫৫.২৫২
				২। কনডেনসেট	১২.৫৫৭	৪৫৮৩.২৯	৪৪৪.৪১৩	৪৬৮.৯৬৯	৫৫৯২.৭৪১	২৩২৩৩.২৬৯
০৭।	বেগমগঞ্জ	০৩	০১	১। গ্যাস	০.৩৫৬	৪২.৭৩	৪.৮০৫	৫.৪৮৩	৪৮.৩৮৬	৭৩.১৮৬
				২। কনডেনসেট	০.৬০৯	৭৩.০৭	৮.৬৪৬	৯.২৪৬	৮৭.৯৬৮	১১০.৭২৮
০৮।	রূপগঞ্জ	০১	০১	১। গ্যাস	-	-	-	-	-	১৯.২২৯
				২। কনডেনসেট	-	-	-	-	-	১৮০.০৮৩

গ্যাস : এমএমএসসিএম (১ কিউঃ মিঃ = ৩৫.৩১৪৭ কিউঃ ফিট)

কনডেনসেট : হাজার লিটার (১ ব্যারেল = ১৫৯ লিটার)

(২) বিক্রয়ের বিবরণ

ঃ

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	গ্যাস ক্ষেত্র	উৎপাদিত দ্রব্য	বিক্রয়ের পরিমাণ (জুন' ২০১৯)	ক্রমপুঞ্জিভূত (জুন' ২০১৯) (২০১৮-২০১৯)	ভ্যাট প্রদান (জুন' ২০১৯)	ভ্যাট বাদে মূল্য (জুন' ২০১৯)	মোট মূল্য (জুন' ২০১৯)	ক্রমপুঞ্জিভূত মূল্য (২০১৮-১৯)
০১।	সালদানদী	১। গ্যাস ২। কনডেনসেট	৩.৪৯১৪ ৯.০০০	৪৪.১৫৩২ ৩৬.০০০	৩০.৭৩০৭ ০.৪৯৮৬	১০৫.৯৮৬৯ ৩.২৬৯৭	১৩৬.৭১৭৬ ৩.৭৬৮৩	১৭০৫.৬১৪০ ১৫.০৭৩২
০২।	ফেঞ্চুগঞ্জ	১। গ্যাস ২। কনডেনসেট	৪.৩৪৯৫ ৪৫.০০০	৯৬.৩৩৭২ ২৮৮.০০০	৩৮.২৬০৫ ২.৫৬০৩	১৩১.৯৫৬৮ ১৬.৬১৮৭	১৭০.২১৭৩ ১৯.১৭৯০	৩৭২২.৮১৪৯ ১২২.৫৫৬৬
০৩।	শাহবাজপুর	১। গ্যাস ২। কনডেনসেট	৫২.৭০৬০ ৫৪.০০০	৫৭৬.৪০৬৫ ৩৯১.৫০০	২৩০.৫৯৭২ ২.৪১৯২	১৬০২.৯৯৯১ ১৪.৭৬৯০	১৮৩৩.৫৯৬৩ ১৭.১৮৮২	১৯৫২৭.৪৬১৭ ১২৪.৬১৪৬
০৪।	সেমুতাং	১। গ্যাস ২। কনডেনসেট	০.৬০৬৬ -	৭.৭৫২৫ ৩২.০০০	৫.৮৭০৬ -	১৮.৪৪৯৫ -	২৪.৩২০১ -	৩৩২.৭৫৫৩ ২০.০৯৭৬
০৫।	সুন্দলপুর	১। গ্যাস ২। কনডেনসেট	৫.৮৭১৬ -	৭১.২৬৬৭ ১৮.০০০	৫১.৭৭৮৯ -	১৭৮.৫৭৯৯ -	২৩০.৩৫৮৮ -	২৭১৫.৯১৮২ ৭.৫৩৬৬
০৬।	শ্রীকাইল	১। গ্যাস ২। কনডেনসেট	২৮.২৮১৮ ৪৮৬.০০০	৩৫০.০৩১৪ ৫৫৪৪.০০০	২০১.২১১৮ ২৬.৯২২৫	৮৪০.০০১০ ১৭৬.৫৬৫৭	১০৪১.২১২৮ ২০৩.৪৮৮২	১৩৭৭৯.৫১২১ ২৩৩৪.০৭০৮
০৭।	বেগমগঞ্জ	১। গ্যাস ২। কনডেনসেট	৪.৮০০৩ ৯.০০০	৪৮.৩৪৪২ ৮১.০০০	৪২.৩৩১৩ ০.৪৯৮৬	১৪৫.৯৯৬২ ৩.২৬৯৭	১৮৮.৩২৭৫ ৩.৭৬৮৩	১৮৪৮.৩২৭৪ ৩৩.৯১৪৭
০৮।	রূপগঞ্জ	১। গ্যাস ২। কনডেনসেট	- -	- ১৭.৩০০	- -	- -	- -	- ৭.২৪৩৬

গ্যাস : এমএমএসসিএম (১ কিউঃ মিঃ = ৩৫.৩১৪৭ কিউঃ ফিট)

কনডেনসেট : হাজার লিটার (১ ব্যারেল = ১৫৯ লিটার)

১। কেন্দ্রীয় কারখানা, চট্টগ্রাম :

- ক) মেশিনশপ :
- ক) লেদ মেশিনে ব্যবহারের জন্য টুল তৈরী করা হয়েছে-০২পিস।
 খ) ভলভো প্রাইম মুভার-০১১৬ এর ক্লাচ সার্ভোর পিস্টন তৈরী করা হয়েছে-০১পিস।
 গ) মল পি/সি-০০১৯ এর এসি পাম্প ব্যবহারের জন্য পিন তৈরী করা হয়েছে-০১টি।
 ঘ) সিনো ট্রাক-০৬২০ এ ব্যবহারের জন্য হ্যাঞ্জার বুশ তৈরী করা হয়েছে-০২টি।
 ঙ) হ্যাঞ্জার বুশ ফিটিং করা জন্য নাট তৈরী করা হয়েছে-০২টি।
 এছাড়া মিলিং মেশিন, লেদ মেশিন, শেফার মেশিন, পাইপ থ্রেডিং মেশিন, মিলিং মেশিন, বার টেস্টিং মেশিন রক্ষণাবেক্ষণ করা হয়েছে।

